

২০২৫

পঞ্চম সেমেন্টার

বাংলা — মাইনর

পত্র : MN-4

(বাংলা সাহিত্য : প্রবেশক পাঠ)

পূর্ণমান - ৭৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) “নাকি এ শরীরের পাপের বীজাণুতে কোনোই ত্রাণ নেই ভবিষ্যৎ.....” — ভবিষ্যৎ প্রজন্মের জন্য ত্রাণ-হীনতার কারণ হিসাবে বাবরের জবানীতে কবির কোন বোধ প্রকাশিত হয়েছে তা আলোচনা করো। ১৫

অথবা

(খ) ‘কাণ্ডারী হুঁশিয়ার’ কবিতায় কবি নজরুলের স্বদেশপ্রেম কীভাবে ফুটে উঠেছে কবিতাটি অবলম্বনে তা লেখো।

- ২। (ক) ছোটগল্প হিসাবে ‘শান্তি’ গল্পটির সার্থকতা নিরূপণ করো। ১৫

অথবা

(খ) “‘আদাব’ গল্পে দু’জন মানুষের মধ্যে মাঝির চরিত্রই সবচেয়ে বেশি প্রাণবন্ত।” — মন্তব্যটির যথার্থ্য আলোচনা করো। ১৫

- ৩। (ক) প্রহসন হিসাবে মধুসূদন দত্তের ‘একেই কি বলে সভ্যতা?’ কতখানি সার্থক হয়ে উঠেছে, তা নিজের ভাষায় লেখো। ১৫

অথবা

(খ) ‘একেই কি বলে সভ্যতা?’ — প্রহসনের নবকুমার চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

- ৪। (ক) “দুয়ার এঁটে ঘুমিয়ে আছে পাড়া
কেবল শূনি রাতের কড়ানাড়া....”
— কোন কবিতার অন্তর্গত? উদ্ধৃতিটি সপ্রসঙ্গ ব্যাখ্যা করো। ৫

অথবা

(খ) কবি মধুসূদন দত্ত ‘বঙ্গভাষা’ (হে বঙ্গ ভাষারে তব) কবিতায় কী বলতে চেয়েছেন সংক্ষেপে নিজের ভাষায় লেখো। ৫

Please Turn Over

(4016)

৫। (ক) 'লম্বকর্ণ' গল্পের লম্বকর্ণ নামক ছাগলটির কীর্তিকলাপের পরিচয় দাও।

৫

অথবা

(খ) "ছোটজাত বলে তখন কিন্তু কেউ ঘেমা করতে পারবে না — দুঃখী বলে কেউ ঠেকিয়ে রাখতে পারবে না।..." — কোন গল্পের অংশ? বক্তা কে? উদ্ধৃতিটির প্রসঙ্গ নির্দেশ করো।

১+১+৩

৬। (ক) 'একেই কি বলে সভ্যতা?' গ্রন্থে হাস্যরস কীভাবে ফুটে উঠেছে সংক্ষেপে আলোচনা করো।

৫

অথবা

(খ) 'একেই কি বলে সভ্যতা?' গ্রন্থের যে-কোনো একটি নারী চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও :

১×১৫

- (ক) "চঞ্চল চিত্র পইঠো কাল" — 'পইঠো' কথার অর্থ কী?
- (খ) 'সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু' — কার রচিত পদ?
- (গ) "মা, নিম খাওয়ালে চিনি বলে, কথায় করে ছলো।" — পদটি কোন কবির রচনা?
- (ঘ) 'বলাকা' কবিতাটি 'বলাকা' কাব্যের কত সংখ্যক কবিতা?
- (ঙ) 'কাণ্ডারী ঝঁশিয়ার' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
- (চ) 'আদাব' গল্পটি কোন পটভূমিকায় লেখা?
- (ছ) "হায় হায় হুজুর এখনও ছাগল চিনলেন না...." — বক্তা কে? কোন গল্পের অংশ?
- (জ) 'হারানের নাতজামাই' গল্পটি কোন পটভূমিকায় রচিত হয়েছিল?
- (ঝ) কাঙালী জাতিতে কী ছিল?
- (ঞ) 'শাস্তি' গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- (ট) 'একেই কি বলে সভ্যতা?' গ্রন্থের দুটি নারী চরিত্রের নাম লেখো।
- (ঠ) কালীনাথ কে?
- (ড) 'একেই কি বলে সভ্যতা?' গ্রন্থে কতগুলি অঙ্ক আছে?
- (ঢ) 'একেই কি বলে সভ্যতা?' গ্রন্থে প্রথম কবে প্রকাশিত হয়?
- (ণ) "ওমা আমার এ দুধের বাছাকে এসব কে শেখালে গা" — বক্তা কে?